গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।

টেন্ডার সেল নং-০১/২০২৪

টেন্ডার সিডিউল (দরপত্র ফরম ও ক্যাটালগ সংযুক্ত)

| নিলাম সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ: | নিলাম সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ: |
|---|---|
| সরকারি নিলামকারী:<br>খাঁন ট্রেডিং কোং, ৮৬. পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯<br>মোবাইল : ০১৭১১৩৪৭১২৪, ০১৬৭৮৭০১৯৫৩ | নিলাম শাখাঃ কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা।<br>ওয়েব সাইট: www.pch.gov.bd |

## নিলামের সাধারণ নিয়মাবলী

০১। টেন্ডার ড্রপ/ফেলার পূর্বে সম্মানিত দরপত্র দাতাগণকে অবশ্যই নিলাম/টেন্ডারের পণ্য প্রস্তুতকৃত ক্যাটালগের মূল/সম্পূরক/ সংশোধনী কপি কাস্টম হাউস, পানগাঁও এর নোটিশ বোর্ড হতে অথবা উপরোল্লিখিত নিলামকারীর সাথে যোগাযোগের ঠিকানা হতে নিজ দায়িত্বে সংগ্রহ করে নিশ্চিত হতে হবে। নিলাম অনুষ্ঠানের বিজ্ঞাপন অনুযায়ী নিলাম সময়সূচী ও অন্যান্য বিষয় প্রযোজ্য ও নির্ধারিত হবে। নিলাম সিডিউল ও বিজ্ঞাপনের সাথে এ দপ্তরের স্থায়ী আদেশের কোন বিষয় সাংঘর্ষিক হলে স্থায়ী আদেশ প্রাধান্য পাবে।

০২। যেকোন লটের মালামালের ক্ষেত্রে ক্যাটালগে বর্ণিত শর্তসমূহ ভালভাবে দেখে অংশগ্রহণ করতে হবে। শর্ত পূরণের সকল দায়িত্ব দরদাতার উপর বর্তাবে। মালামাল গ্রহণের জন্য মনোনীত দরদাতা ক্যাটালগে বর্ণিত সকল শর্ত আবশ্যিকভাবে পূরণ করবেন। শর্ত পূরণে ব্যর্থ হলে নিলাম কর্তৃপক্ষ প্রযোজ্য আইন, বিধি ও আদেশ অনুযায়ী বিষয়টি নিষ্পত্তি করবেন

০৩। দরপত্র ফরমের নির্দিষ্ট স্থানে যে লটের জন্য দরপত্র প্রদান করবেন তার লট নম্বর অবশ্যই লিখতে হবে। টেন্ডার ইনভেলপের উপর স্পষ্ট করে পণ্যের লট নম্বর লিখতে হবে।

০৪। দরপত্র প্রদানের ক্ষেত্রে প্রতি লটের জন্য ০১ টি সিডিউল ব্যবহার করতে হবে। দুই বা ততোধিক লটের জন্য ০১ টি সিডিউল ব্যবহার করা হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ যে সংখ্যক লটের জন্য বিডার বিড করবেন তাকে সে সংখ্যক সিডিউল ক্রয় এবং ব্যবহার করতে হবে।

০৫। টেন্ডার/কোটেশনের টাকার পরিমাণ দরপত্র ফরমে নির্দিষ্ট স্থানে অবশ্যই অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার শর্তমূলক, ছেঁড়া, ঘষা-মাজা বা অসম্পূর্ণ সিডিউল বিবেচনা করা হবে না। দরপত্রের সাথে দাখিলকৃত সিডিউল ও দরপত্রের নির্দিষ্ট স্থানে টেন্ডার দাতার সীল ও স্বাক্ষর থাকতে হবে। স্বাক্ষর বিহীন টেন্ডার বাতিল বলে গণ্য হবে। প্রতিটি টেন্ডার/সিডিউলের নির্ধারিত স্থানে দরদাতার নাম, ঠিকানা, ফোন নম্বর এবং e-mail address উল্লেখ করতে হবে।

০৬। একটি দরপত্রের মাধ্যমে একাধিক লটের জন্য দরপত্র দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

০৭। টেন্ডার দাতাকে সিডিউলে উল্লিখিত লটের অনুকূলে প্রদত্ত কোটেশন মূল্যের/দরমূল্যের ১০% হারে জামানত কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা এর অনুকূলে জমা করতে হবে। এ জামানত যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে হতে হবে এবং টেন্ডারের সঙ্গে দাখিল করতে হবে। জামানত বিহীন টেন্ডার সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রতিটি দরপত্র ফরমের নির্ধারিত স্থানে টেন্ডারের সঙ্গে প্রদেয় পে-অর্ডার এর নম্বর, তারিখ ও টাকার পরিমাণ অংকে ও কথায় উল্লেখ করতে হবে। পে-অর্ডারের কোন ফটোকপি গ্রহণ করা হবে না। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতিত অন্য কোন ইনস্ট্রুমেন্ট যেমন-ব্যাংক এর চেক ইত্যাদি গ্রহণযোগ্য হবে না।

০৮। কমিটি কর্তৃক অনুমোদিত টেন্ডার/কোটেশন সমূহের তালিকা নিলাম শাখায় নোটিশ বোর্ডে প্রকাশিত হওয়ার তারিখ হতে পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে মালামাল খালাস গ্রহণ করতে হবে। পণ্য খালাসের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরেও পণ্য খালাস না নিলে বিক্রয় অনুমোদন প্রত্যাহার করা হবে।

০৯। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে নিলাম অনুষ্ঠিত না হলে পরিবর্তিত সময়সূচি কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকার নোটিশ বোর্ড ও Website এ বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।

১০। জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৪১/কাস্টমস/২০২২, তারিখঃ ০৪/০৯/২০২২ খ্রিঃ নিলাম সংক্রান্ত অন্যান্য আদেশ ও বিধির আলোকে নিলাম কার্যক্রম পরিচালনা করা হবে।

১১। বিক্রয় অনুমোদন প্রাপ্ত সর্বোচ্চ টেন্ডার/কোটেশন দাতা পণ্য খালসের সময় সর্বোচ্চ মূল্যের ১০% (দশ) শতাংশ হারে অগ্রিম আয়কর এবং ৭.৫% (সাত দশমিক পাঁচ) শতাংশ হারে অগ্রীম ট্রেড ভ্যাট আলাদাভাবে পরিশোধ অথবা বিধি অনুযায়ী আয়কর, মূসক ও অন্যান্য কর যদি থাকে তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১২। বিক্রয় অনুমোদন প্রাপ্ত টেন্ডার দাতা নিজ দায়িত্বে মালামাল ডেলিভারী গ্রহণ করবে। ডেলিভারী শেষে নিলাম কর্তৃপক্ষ কর্তৃক ডেলিভারীকৃত মালামালের বিষয়ে কোন প্রকার অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস আইসিটি, পানগাঁও, ঢাকা সিডিউলে অন্তর্ভূক্ত যে কোন পণ্য যে কোন সময় সিডিউল থেকে প্রত্যাহার করতে পারবেন। এরূপ প্রত্যাহারের জন্য আনুপাতিক হারে তার মূল্য ফেরতযোগ্য হবে।

১৪। টেন্ডার কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হতে পারে এরূপ কোন প্রকার মন্তব্য, মর্যাদা হানিকর উক্তি, বা অসদাচারণের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে কর্তৃপক্ষ বহিষ্কার/টেন্ডার বাতিল করার এবং ভবিষ্যতে টেন্ডারে অংশগ্রহণ হতে বিরত রাখার লক্ষ্যে কালো তালিকাভুক্ত করা অথবা আইন সম্মত অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। ওজন ভিত্তিক পণ্য খালাসযোগ্য হলে "যেখানে যে অবস্থায়/পরিমাণ/ওজনে সংখ্যায় আছে" সে ভিত্তিতে পণ্য ডেলিভারী নিতে হবে।

১৬। কোন লটের বিপরীতে সঠিক প্রাপ্ত সর্বোচ্চ কোটেশন একাধিক পাওয়া গেলে এ রূপে সর্বোচ্চ কোটেশন দাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে একজন সর্বোচ্চ টেন্ডার/কোটেশন দাতাকে নির্ধারিত করে তার অনুকূলে বিক্রয় অনুমোদন প্রদান করা হবে।

১৭। টেন্ডারে বিক্রিত পণ্য কমিশনার, কাস্টম হাউস আইসিটি, পানগাঁও, ঢাকা অনুমোদন করেছেন কিনা তা দরপত্রদাতাগণ নিজ দায়িত্বে। নিলাম শাখার নোটিশ বোর্ডে জারীকৃত বিজ্ঞপ্তি হতে অবহিত হবেন।

১৮। সরাসরি ক্রয়ের ক্ষেত্রে নিলামকারীর স্বাক্ষর বিহীন সিডিউল এবং ওয়েবসাইট হতে ক্রয়ের ক্ষেত্রে ৭০০/- টাকার পে-অর্ডার বিহীন শিডিউল সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৯। অনুমোদিত পণ্যের টাকা জমা দেওয়ার পূর্বে দরপত্র দাতাগণ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে উক্ত পণ্যের কোনরূপ জটিলতা আছে কিনা তা অবগত হয়ে টাকা জমা দিতে হবে।

২০। কমিশনার, কাস্টম হাউস আইসিটি, পানগাঁও, ঢাকা যে কোন লটের বিপরীতে প্রদত্ত সর্বোচ্চ দরপত্র/কোটেশন গ্রহণে বাধ্য নয় এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র/কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

২১। উল্লেখ্য, টেন্ডার অফারে টেন্ডার দাতার নাম ও তার কর্তৃক প্রদত্ত জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট একই ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধির নাম জাতীয় পরিচয়পত্রের অনুরূপ না হলে সে সমস্ত টেন্ডার/অফার গ্রহণযোগ্য হবে না।

২২। তেজস্ক্রীয়তা / বিএসটিআই/ অন্যান্য রাসায়নিক পরীক্ষার ক্ষেত্রে বিডার নিজ উদ্যোগে নিজ খরচে পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করবেন এবং পরীক্ষার রিপোর্ট সংগ্রহ করে এ দপ্তরে দাখিল করে যথাযথ প্রাপ্তি সাপেক্ষে পণ্য খালাস নিবেন। প্রতিটি ক্যাটালগভুক্ত পণ্যের বিপরীতে আমদানি নীতি আদেশে উল্লিখিত শর্ত, রিট মামলা যাচাই ও অন্যান্য শর্তাবলী স্থায়ী আদেশে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রতিপালিত হবে।

২৩। নিলামে অংশগ্রহণের পূর্বে নিলাম পণ্য পরিদর্শনের জন্য নির্ধারিত তারিখ ও স্থানে (কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা এর কন্টেইনার ইয়ার্ড ও গুদাম) উপস্থিত হয়ে বিডার কর্তৃক পণ্যের বর্ণনা, পরিমাণ, গুনগত মান ইত্যাদি সম্পর্কে নিশ্চিত হয়ে দরপত্র দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। নিলাম পরবর্তীতে বিডার পণ্য দেখতে পারেনি বা গুনগত মান নিশ্চিত হতে পারেনি এ কারণে জামানতের পে- অর্ডার ফেরতের আবেদন গ্রহণযোগ্য হবে না।

২৪। বর্ণিত শর্তাবলী অনুযায়ী নিলামে অংশগ্রহণে সম্মত হলে দরপত্র দাতাগণ সিডিউলের শর্তাবলীর নিচে স্বাক্ষর (জাতীয় পরিচয় পত্রে প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ) করবেন। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। খামের মুখ অবশ্যই সীল গালাযুক্ত অথবা গাম/আঠা দ্বারা বন্ধ সাঁটানো থাকবে।

২৫। পে-অর্ডারসহ অন্যান্য দলিলাদি মিথ্যা বা জাল প্রমাণিত হলে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত ফৌজদারী কার্যবিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬। **নিলাম শিডিউল এবং ক্যাটালগ ক্রয়ের নির্ধারিত তারিখ ও সময়:** সরকারি নিলামকারীর সাথে যোগাযোগ করে তাঁর/তাঁর মনোনীত প্রতিনিধির নিকট হতে ক্যাটালগ ও সিডিউল আগামী ৩০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (১) কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা (২) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা (৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা ও (৪) নিলামকারীর অফিস হতে ক্যাটালগ ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) ও দরপত্রের সিডিউল ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্য পরিশোধপূর্বক সংগ্রহ করা যাবে। এছাড়া ক্যাটালগ ও সিডিউল এর কপি এ দপ্তরের ওয়েবসাইট (www.pch.gov.bd) হতে ২৬/০৫/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা পর্যন্ত ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিলাম অনুষ্ঠানের দিন নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে ও ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ক্যাটালগ ২০০/-(দুইশত) টাকা (অফেরৎযোগ্য) ও দরপত্রের সিডিউল ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) এর মূল্য বাবদ মোট ৭০০/- টাকার একটি পে-অর্ডার সরকারি নিলামকারী খাঁন ট্রেডিং কোং, এর অনুকূলে সর্বশেষ ৩০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে।

২৭। **e-auction এর মাধ্যমে নিলাম কার্যক্রমে অংশগ্রহণ:**
এছাড়া কোন নিলামে অংশগ্রহণকারী যদি অনলাইনে e-auction এর মাধ্যমে নিলামে অংশগ্রহণ করতে চান, তাহলে bangladeshcustoms.gov.bd ওয়েবসাইট হতে অথবা 103.48.18.166/auction/752 আইপি এড্রেসে লগ ইন করে প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধন কার্যক্রম শেষে বিজ্ঞপ্তি অনুসারে যথাযথ শর্তাদি পরিপালন করে অনলাইনেও নিলাম কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। উল্লেখ্য e-auction এর ক্ষেত্রে দরপত্র সর্বশেষ বিকাল ৪.০০ ঘটিকা, ৩০/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত জমা প্রদান করা যাবে। উল্লেখ্য অনলাইনে আপলোডকৃত কোনো পে-অর্ডার পরবর্তীতে যথাযথ না পাওয়া গেলে কর্তৃপক্ষের যেকোন সময় উক্ত দরপত্র আবেদনটি বাতিল হিসাবে গণ্য করার অধিকার সংরক্ষিত রয়েছে। ওয়েবসাইটে আপলোডকৃত ইমেজগুলোর সাথে বাস্তবে কিছুটা পার্থক্য বা বৈসাদৃশ্য থাকতে পারে বিধায় ২৯/০৫/২০২৪খ্রিঃ তারিখে সরেজমিনে পরিদর্শনের ক্ষেত্রে e-auction এর মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক নিলামকারীগণও পরিদর্শন করতে পারবেন। এক্ষেত্রে নিলাম কার্যক্রম সংগঠিত হওয়ার পরবর্তীতে এ সংক্রান্ত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না মর্মে সকলের অবগতির জন্য জানানো হলো।

২৮। **পণ্য পরিদর্শনের তারিখ ও সময়:**
ক্যাটালগে বর্ণিত যে সকল পণ্য আলোচ্য নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে লটভুক্ত করা হয়েছে ঐ সকল পণ্য ২৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা এর জেটিতে বিধিবদ্ধ প্রথা অনুসারে সরজমিনে পরিদর্শন করা যাবে।

২৯। **দরপত্র দাখিল ও খোলার তারিখ ও সময়:**
সীলগালাকৃত দরপত্র আগামী ৩০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত (১) কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা (২) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা ও (৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে এবং ০২/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় আগ্রহী দরদাতাগণের উপস্থিতিতে কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা-এর "বুড়িগঙ্গা" সম্মেলন কক্ষে (যদি দরদাতা/তাঁদের প্রতিনিধি উপস্থিত থাকেন) সকলের উপস্থিতিতে দরপত্র বাক্স/ প্রাপ্ত দরপত্র উন্মুক্ত করা হবে।

| | | |
|---|---|---|
| সরকারি নিলামকারী<br>খান ট্রেডিং এর স্বাক্ষর<br>(দরপত্র উন্মুক্ত করণের পর) | রাজস্ব কর্মকর্তা (নিলাম)<br>কাস্টম হাউস আইসিটি, ঢাকা।<br>(দরপত্র উন্মুক্ত করণের পর) | দরদাতার স্বাক্ষর<br>(দরপত্র প্রদানের পূর্বে) |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা

www.pch.gov.bd

টেন্ডার দাখিল ফরম (দরপত্র)

নিলাম টেন্ডার সেল নং-০১/২০২৪

নিলাম অনুষ্ঠানের তারিখঃ ৩০/০৫/২০২৪ইং

অনলাইন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে নিলামকারী কর্তৃক পূরণীয়ঃ

বিক্রয় ক্রমিক নং------------বিক্রয়ের স্থানঃ----------------------------------বিক্রয়কারীর স্বাক্ষরঃ-----------------------

অনলাইন বা ওয়েবসাইট হতে সংগ্রহের ক্ষেত্রে (দরদাতা কর্তৃক পূরণীয়)ঃ

খান ট্রেডিং কোং এর অনুকূলে ইস্যুকৃত ৭০০/-টাকার পে-অর্ডারের ক্রমিক নং-----------------------------------------------

তারিখ------------------------ব্যাংক এর নাম-----------------------------------শাখার নাম--------------------------

শিডিউলে উল্লিখিত নিয়ম অনুযায়ী নিম্নে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করতে হবেঃ

| লট নং | দরমূল্য (অংকে) | দরমূল্য (কথায়) |
|---|---|---|
| | | |

| | | |
|---|---|---|
| টেন্ডার দাতার পূর্ণ নাম | ঃ | |
| ঠিকানা | ঃ | |
| মোবাইল/টেলিফোন নম্বর | ঃ | |
| জাতীয় পরিচয়পত্র নং/স্মার্ট কার্ড নং | ঃ | |
| ট্রেড লাইসেন্স নং | ঃ | |
| মূসক নিবন্ধন নং | ঃ | |
| টিআইএন নং | ঃ | |
| পে-অর্ডার/ড্রাফট নং | ঃ | |
| ব্যাংক ও শাখার নাম | ঃ | |
| পে-অর্ডার/ড্রাফট এর টাকার পরিমাণ (দরমূল্যের ১০%) (অংকে) | ঃ | |
| পে-অর্ডার/ড্রাফট এর টাকার পরিমাণ (দরমূল্যের ১০%) (কথায়) | ঃ | |

**দরপত্রের সিডিউল এর সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্ন বর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ**

ক) নিলাম ক্রেতা হিসাবে মূসক নিবন্ধন সদনপত্র/নতুন মূসক নিবন্ধন সদনপত্র এর সত্যায়িত ছায়ালিপি।

খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সএর সত্যায়িত ছায়ালিপি:

গ) টি আইএন সার্টিফিকেট এর সত্যায়িত ছায়ালিপি;

ঘ) জাতীয় পরিচয়পত্রের/স্মার্টকার্ড এর সত্যায়িত ছায়ালিপি: বিঃ দ্রঃ-জাতীয় পরিচয়পত্রে উল্লিখিত তথ্যের সাথে অন্যান্য তথ্যের মিল থাকতে হবে।

ঙ) কোম্পানির ক্ষেত্রে কোম্পানির আর্থিক লেনদেন/অন্যান্য সংশ্লিষ্ট দলিলে স্বাক্ষর প্রদানের জন্য মনোনীত ব্যক্তির জাতীয় পরিচয় পত্র ও মনোনয়ন পত্র।

চ) দরপত্রে (সিডিউল) উল্লিখিত ডাক মূল্যের উপর ১০% হারে জামানত হিসাবে যেকোন তফসিলি ব্যাংক কর্তৃক (বাংলাদেশ ব্যাংক চ কর্তৃক অনুমোদিত) কমিশনার, কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা বরাবর ইস্যুকৃত পে-অর্ডার।

ছ) ওয়েবসাইট হতে ক্যাটালগ ও দরপত্রের সিডিউল ডাউনলোড এর ক্ষেত্রে যেকোন তফসিলি ব্যাংক কর্তৃক (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) ৭০০/-(সাতশত) টাকার একটি পে-অর্ডার খান ট্রেডিং কোং এর অনুকূলে ইস্যুকৃত।

জ) ক্যাটালগে বর্ণিত অথবা অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

দরদাতার পূর্ণ স্বাক্ষর ও সীলা-----------------------------------------------------------

অফিস কর্তৃক পূরণীয়ঃ দরপত্র অদ্য----------------------তারিখে সীলগালাকৃত দরপত্র বক্স/সীলগালাকৃত খাম খুলে দরপত্র উন্মুক্ত করা হলো। দরপত্রের ক্রমিক নং-------------------------------